



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

12 November 2025

7:35 AM IST

=====

ৰাজ্যে সন্ত্ৰাসবাদ নিৰ্মূল কৰাৰ জন্য কঠোৰ পদক্ষেপ গ্ৰহণ কৰা হ'বে বুলে মুখ্যমন্ত্ৰী ডঃ হিমন্তুবিশ্ব শৰ্মা জানিয়েছেন । দিল্লিৰ ভয়াবহ বিস্ফোৰণেৰ ঘটনাকে নিয়ে সামাজিক মাধ্যমে উল্লাস প্ৰদৰ্শন কৰা লোকেদেৰ প্ৰয়োজনে গ্ৰেপ্তাৰ কৰা হ'বে বুলেও মুখ্যমন্ত্ৰী জানান । মুখ্যমন্ত্ৰী ডক্টৰ শৰ্মা জানান যে সন্ত্ৰাসবাদেৰ সৰ্মথন কৰা লোকেদেৰ তথ্য সংগ্ৰহ কৰে, তা পৰীক্ষা কৰে, তাৰে গ্ৰেপ্তাৰ কৰতে আসাম পুলিশেৰ সঞ্চালক প্ৰধানকে নিৰ্দেশ দেওয়া হয়েছে । দেশে যাতে সন্ত্ৰাসবাদ পুনৰায় মাথা তুলতে না পাৰে, সেজনে জনসাধাৰণকে একজেট হতে হ'বে বুলে মুখ্যমন্ত্ৰী মন্তব্য কৰেছেন ।

এদিকে দিল্লিৰ লালকেল্লাৰ বিস্ফোৰণেৰ ঘটনাকে রাজনৈতিক ৰূপ দিতে সামাজিক মাধ্যমেৰ পোষ্টে বিৰূপ মন্তব্য কৰাৰ অভিযোগে শিলচৰ ৰংপুৰেৰ দুৰ্গাপুৰ এলাকাৰ একজন অবসৰপ্ৰাপ্ত প্ৰধান শিক্ষকে আটক কৰা হয়েছে । বাঁশকান্দি এন এম উচ্চতৰ মাধ্যমিক বিদ্যালয়েৰ এই অবসৰপ্ৰাপ্ত প্ৰধান শিক্ষকেৰ বিৰুদ্ধে দিল্লি বিস্ফোৰণ সৰ্ম্পকে সামাজিক মাধ্যমেৰ একটি পোষ্টে বিৰূপ মন্তব্য কৰাৰ অভিযোগ উঠেছে ।

এদিকে কাছাড়ের অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পাল আজ এক সাংবাদিক সম্মেলনে অবসরপ্রাপ্ত শিক্ষক দিল্লি বিস্ফোরণের ঘটনাকে রাজনৈতিক রূপ দেওয়ার অপচেষ্টা করেছিলেন বলে অভিযোগ করেন। ইতিমধ্যে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে। এদিকে সমগ্র কাছাড় জেলায় হাই এলাট জারী করা হয়েছে বলে অতিরিক্ত পুলিশ সুপার শ্রী পাল জানিয়েছেন।

শ্রীপাল আরো জানান ----- **বাইট**

মিজোরামের উত্তর-পশ্চিম অংশের মামিত জেলার ডাম্পা বিধানসভা আসনের উপ-নির্বাচনের ৮২ শতাংশ ভোট পড়েছে। মিজোরামের মুখ্য নির্বাচনী আধিকারীক ডক্টর লাল রোজামা জানান যে বিকেল চারটা পর্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে জনগন তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

উল্লেখ্য- ডাম্পা আসনে কুড়ি হাজার ৭শ ৯০ জন ভোটার রয়েছেন।

রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পালের পৌরহিত্যে জেলা আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত এক সভায় জেলার ভারতমালা প্রকল্পগুলি সম্পর্কে এন এইচ আই ডি সি এল, লোক নির্মাণ বিভাগ এবং সংশ্লিষ্ট কাজে জড়িত ঠিকাদারদের সংগে বিস্তারিত আলোচনা করেন। সভায় সড়ক নির্মাণ কাজের সময় উদ্ভূত সমস্যাগুলি নিয়েও আলোচনা করা হয়। এছাড়া যেসব পরিবারের কৃষিজমি ও ঘরবাড়ি এই প্রকল্পের জন্য ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত বিষয়েও বিস্তারিত আলোচনা করা

হয় । গতকালের সভায় শ্রীভূমি জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বনিক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

হাইলাকান্দি জেলার ছাত্র-ছাত্রীদের আধারকার্ড আপডেট করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিশেষ শিবিরের আয়োজন করা হচ্ছে । আলগাপুরের পাবলিক হায়ার সেকেন্ডারী স্কুলে আগামীকাল থেকে আগামী ২৫শে নভেম্বর পর্যন্ত এই শিবির অনুষ্ঠিত হবে । উল্লেখ্য আগামী ৬ ই ডিসেম্বর পর্যন্ত হাইলাকান্দি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরনের আধার আপডেট শিবির অনুষ্ঠিত হবে ।

লৌহ মানব সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের বিভিন্ন জেলার সঙ্গে কাছাড় জেলার ধলাই সম-জেলায়ও আগামীকাল একতা পদযাত্রার আয়োজন করা হয়েছে । কাছাড় জেলা প্রশাসনের সহযোগিতায় এবং ধলাই সম-জেলার ব্যবস্থাপনায় এই একতা পদযাত্রা ধলাই-র বি এন এম পি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠ থেকে সকাল ৮টায় শুরু হবে ।

শ্রীভূমি জেলার পাথারকান্দি কলেজ অফ এডুকেশনে গতকাল অষ্টাদশ জাতীয় শিক্ষা দিবস পালন করা হয়েছে । কলেজ অধ্যক্ষ ডক্টর মোহম্মদ আইনুল হকের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক সলিম শাহ প্রধান অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন । পরে ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি বিতর্ক প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় । অনুষ্ঠানে আটজন অবসরপ্রাপ্ত শিক্ষককে শিক্ষা ক্ষেত্রে তাদের অবদানের জন্য সংবর্ধনা প্রদান করা হয় ।

হাইলাকান্দি জেলা ক্রিড়া সংস্থার পক্ষ থেকে জেলার বিশিষ্ট সাংবাদিক মৃনাল তালুকদারকে গতকাল সংবর্ধনা জানানো হয় । মানব কল্যান ও সমাজ উন্নয়নে মৃনাল তালুকদারের আজীবন অবদানের জন্য এই সম্মান প্রদান করা হয়েছে । সভায় জেলা ক্রিড়া সংস্থার সহ-সভাপতি পিনাকী ভট্টাচার্য্য, সচিব শৈবাল সেনগুপ্ত প্রমুখ উপস্থিত ছিলেন ।
